যুগান্তর

22 NOV 2017
পৃষ্ঠা ২ কলাম ১

# খুবিতে ভর্তি শুরু আজ

খুলনা ব্যুরো

খুলনা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষ 'এ' ইউনিটে মেধাতালিকা থেকে ভর্তি করা হবে আজ। সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ডিন অফিস, বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলে 'এ' ইউনিটের ভর্তি সম্পন্ন হবে। এছাড়া আগামীকাল বৃহস্পতিবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত 'এ' ইউনিটের প্রথম অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তির জন্য নাম নিবন্ধন এবং একইদিন দুপুর ১২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত এ তালিকা থেকে ভর্তি করা হবে।

'বি' ইউনিটের মেধাতালিকা (কোটাসহ) থেকে নিবন্ধন ও ভর্তি ২৮ নভেম্বর। সকাল সাড়ে ৯টা থেকে বেলা ১২টা পর্যন্ত মেধাতালিকা থেকে নিবন্ধন এবং একইদিন দুপুর সাড়ে ১২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ভর্তি করা হবে। এছাড়া 'বি' ইউনিটের প্রথম অপেক্ষমাণ তালিকা (কোটাসহ) থেকে নিবন্ধন ৩০ নভেম্বর সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এবং একইদিন দুপুর সাড়ে ১২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ভর্তি করা হবে।

'সি' ইউনিটের মেধাতালিকা (কোটাসহ) থেকে নিবন্ধন ও ভর্তি ২৬ এবং ২৭ নভেম্বর সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত। প্রথম অপেক্ষমাণ তালিকা (কোটাসহ) থেকে নিবন্ধন ৩ ডিসেম্বর সকাল ৯টা থেকে সকাল সাড়ে ১১টা পর্যন্ত এবং একইদিন সকাল সাড়ে ১১টা থেকে বিকাল সাড়ে ৩টা পর্যন্ত ভর্তি করা হবে।

নির্ধারিত তারিখ ও সময়ে নিবন্ধন ও ভর্তি প্রক্রিয়ায় উপস্থিত হতে না পারলে পরবর্তীতে প্রার্থীর কোনো দাবি গ্রহণযোগ্য হবে না বলে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগ থেকে জানানো হয়েছে।